

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত) প্রকল্প  
আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা।  
[www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)

স্মারক নং-৫৬.০০.০০০০.০৮২.১১.০০১.১৮-৭৬৪০

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯  
২৮ মার্চ ২০২৩


### নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন “মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত) প্রকল্প” এর জন্য সরকার কর্তৃক নির্ধারিত উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ বিধিমালা অনুসরণে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম ও বেতন (সাকুল্যে)	পদ সংখ্যা	বয়সসীমা	জাতীয় বেতন স্কেল-২০১৫	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	Office Assistant-Cum-Computer Operator	০২	30 Years	Grade-16 (Consolidated pay)	BA/BSS/BCom/BSc or equivalent. Must have skills of Bangla and English Typing.

আবেদনের নিয়মাবলী এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলী:

- আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনের নমুনা ফরম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েব সাইট ([www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)) ও প্রকল্পের ওয়েবসাইটে ([www.gameapp.com.bd](http://www.gameapp.com.bd)) পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর প্রদত্ত সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদ পত্রের কপি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং সম্প্রতি তোলা গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ও (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- প্রকল্প পরিচালক, “মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত) প্রকল্প” বরাবর ১-২৮০১-০০০১-২০০১ অথবা ১২৮০১০১-১১৬৫৯৯-১৪২২৩২৬ কোড নম্বরে ১০০/- টাকার ট্রেজারী চালান জমা দিয়ে চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।
- ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি খামে ১০ (দশ) টাকার অবাবহৃত ডাকটিকেট সংযুক্ত করত: প্রাপকের স্থানে আবেদনকারীর বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক আবেদন দাখিল করতে হবে।
- ১২/০৪/২০২৩ তারিখে বয়স সীমা অনূর্ধ্ব ৩০ বছর প্রযোজ্য হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ১২/০৪/২০২৩ তারিখে বয়স সীমা অনূর্ধ্ব ৩২ বৎসর। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
- সরকারি প্রচলিত বিধি মোতাবেক কোটাসমূহ সংরক্ষিত হবে।
- দুহ-নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)।
- আবেদনপত্র আগামী ১২/০৪/২০২৩ তারিখ বেলা ৩:৩০ টার মধ্যে প্রকল্প পরিচালক, মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত) প্রকল্প”, আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। বেতন ভাতাদি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে প্রদেয় হবে।
- পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীদের কোন ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- আবেদনের খামের উপর অবশ্যই নিজ জেলা ও পদের নাম এবং কোটা প্রযোজ্য হলে তা উল্লেখ করতে হবে।
- কোন ধরনের তদবিয়/সুপারিশ/ভুল তথ্য প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান প্রযোজ্য হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তিতে (০৯/০৩/২০২১ তারিখের) যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
মোহাম্মদ আনোয়ার হোসেন  
প্রকল্প পরিচালক